ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৩৩২৩</u>

আগরতলা,১৮ অক্টোবর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''চিকিৎসকের দুর্ব্যবহারে ক্ষোভ পুলিশের উপস্থিতিতেও অচল'' এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় ও ''চিকিৎসকের দুর্ব্যবহার, বিনা চিকিৎসায় বাড়ি ফিরলেন রোগীরা'' এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ৮ অক্টোবর ২০২৫ এবং ''হাসপাতালে পরিষেবার বদলে অবহেলা'' এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ৯ অক্টোবর ২০২৫ প্রকাশিত সংবাদ তিনটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। উক্ত সংবাদগুলোর পরিপ্রেক্ষিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, পশ্চিম ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক রাণীরবাজার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে সংশ্লিষ্ট চিকিৎসকের বিরুদ্ধে প্রকাশিত তথ্যগুলোর সত্যতা যাচাইয়ের জন্য তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেন। কমিটি সংশ্লিষ্ট চিকিৎসক ও নার্সের জবানবন্দী গ্রহণ করেন। ডাঃ মোনালিসা দেববর্মা নামে উক্ত চিকিৎসক জানান, ঘটনার সময় তিনি বিশ্রাম করছিলেন এবং চিৎকার-চেঁচামেচি শুনে তিনি বাইরে এসে সেখানে উপস্থিত রোগী ও রোগীর পরিজনদের অফিস ছেড়ে চলে যেতে বলেন। এরপর পুলিশ এসে পরিস্থিতি সামাল দেন। ঐ চিকিৎসককে অন্য একটি স্বাস্থ্য প্রতিষ্ঠানে বদলি করা হয়েছে।

*****